

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৭. ইহরাম অবস্থায় নারীর পোশাক:

নারীদের জন্য ইহরাম অবস্থায় যাবতীয় মেয়েলী পোশাক পরা বৈধ, যাতে সৌন্দর্য চর্চা ও পুরুষের পোশাকের সাথে সামঞ্জস্য নেই। এমন সংকীর্ণ হবে না যা তার শরীরের পরিমাণ বলে দেয় এবং এমন স্বচ্ছও হবে না যা তার ভেতর অংশ প্রকাশ করে দেয়। আবার এমন ছোটও হবে না, যা তার পা ও হাতের জন্য যথেষ্ট নয়, বরং পর্যাপ্ত, মোটা ও প্রশস্ত হওয়া জরুরি।

ইবনুল মুন্যির বলেন: আহলে ইলমগণ একমত যে, মুহরিম নারীর জন্য জামা, চাদর, পায়জামা, উড়না ও পায়ের মোজা পরিধান করা বৈধ।[1] সমাপ্ত।

নারীর জন্য নির্দিষ্ট রঙের কাপড় পরিধান করা জরুরি নয়। যেমন সবুজ রঙ, বরং নারীদের সাথে সম্পৃক্ত লাল, সবুজ ও কালো যে রঙের ইচ্ছা কাপড় পরিধান করা বৈধ, যখন ইচ্ছা রঙ পরিবর্তন করতে বাধা নেই।

ফুটনোট

[1] আল-মুগনি: (৩/৩২৮)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14720

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন